

■■ যে সকল হারামকে মানুষ তুচ্ছ মনে করে থাকে

বিভাগ/অধ্যায়ঃ ৫১. অনুমতি ব্যতীত অন্যের বাড়ীতে উঁকি দেওয়া ও প্রবেশ করা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

অনুমতি ব্যতীত অন্যের বাড়ীতে উঁকি দেওয়া ও প্রবেশ করা

আল্লাহ তা'আলা বলেন.

[۲۷ :النور: ۲۷] ﴿ اَلنور: عَلَىٰ اَلْمَوْا عَلَىٰ اَلْهِ اَلنور: ۲۷] ﴿ اَلْمَالِهَا اَلَّذِينَ ءَامَنُواْ لَا تَدا خُلُواْ بُيُوتِكُم وَ حَتَّىٰ تَساتَا النِسُواْ وَتُسَلِّمُواْ عَلَىٰ أَهِ النور: ۲۷) "در अभानमात्रागा! তোমता निक गृर गुठीত অन्य गृरह जात मालिरकत অनुमि ও সালাম প্রদান ব্যতীত প্রবেশ করো না"। [সুরা আন-নূর, আয়াত: ২৭]

রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম খুব স্পষ্ট করে বলেছেন,

«إِنَّمَا جُعِلَ الِاسْتِئْذَانُ مِنْ أَجْلِ البَصرِ»

"দৃষ্টিপাতের কারণেই কেবল অনুমতির ব্যবস্থা দেওয়া হয়েছে"।[1]

আধুনিক কালের বাড়ীগুলো পাশাপাশি গড়ে উঠেছে। তাদের বিল্ডিং বা ঘরগুলো একটা অপরটার সাথে লাগিয়ে, দরজা-জানালাও সামনা-সামনি তৈরি। এমতাবস্থায় এক প্রতিবেশীর সামনে অন্য প্রতিবেশীর সতর প্রকাশিত হয়ে পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। কুরআনে মুমিন নর-নারীর চক্ষু সংযত করে রাখার নির্দেশ থাকলেও অনেকে তা মেনে চলে না। অনেকে উপর তলার জানালা কিংবা ছাদ থেকে নীচের অধিবাসীদের সতর ইচ্ছে করে দেখে। নিঃসন্দেহে এটা খিয়ানত, প্রতিবেশীর সম্মানে আঘাত এবং হারাম পথের মাধ্যম। এর ফলে অনেক রকম বিপদাপদ ও ফিংনা দেখা দেয়। এরপ গোয়েন্দাগিরী যে কত ভয়াবহ তার প্রমাণ হলো, শরী'আত ঐ ব্যক্তির চোখ ফূঁড়ে দিতে নির্দেশ দিয়েছে। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

"যে ব্যক্তি কারো বাড়ীতে তাদের অনুমতি ব্যতীত উঁকি দেয় তাদের জন্য তার চোখ ফুঁড়ে দেওয়া বৈধ হয়ে যাবে"।[2]

অন্য বর্ণনায় এসেছে,

"যে ব্যক্তি কারো বাড়ীতে তাদের অনুমতি ব্যতীত উঁকি দেয়, আর যদি তারা তার চোখ ফুঁড়ে দেয় তাহলে সেজন্য কোনো দিয়াত বা রক্তমূল্য ও কিসাস দিতে হবে না"।[3]

ফুটনোট



- [1] সহীহ বুখারী; সহীহ মুসলিম; মিশকাত, হাদীস নং ৩৫১৫।
- [2] সহীহ মুসলিম, হাদীস নং ২১৫৮।
- [3] সুনান নাসাঈ, হাদীস নং ৪৮৬০, সনদ সহীহ।
- Source https://www.hadithbd.com/books/link/?id=10079

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন